

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

আনছার ও মুহাজিরগণের মধ্যে ভ্রাতৃত্ব বন্ধন (المؤاخاة بين الأنصار والمهاجرين)

রাসূলুল্লাহ (ছাঃ) আনাস বিন মালেকের গৃহে আনছার ও মুহাজিরদের নেতৃস্থানীয় ৯০ জন ব্যক্তির এক আনুষ্ঠানিক বৈঠক আহবান করেন। যেখানে উভয় দলের অর্ধেক অর্ধেক সদস্য উপস্থিত ছিলেন'।[1] রাসূলুল্লাহ (ছাঃ) তাদের পরস্পর দু'জনের মধ্যে ইসলামী ভ্রাতৃত্বের (الْمُوَّاخَاةُ الْإِسْلَامِیَّةُ الْإِسْلَامِیَّةُ) বন্ধন স্থাপন করেন এই শর্তে যে, 'তারা একে অপরের দুঃখ-বেদনার সাথী হবেন এবং মৃত্যুর পরে পরস্পরের সম্পত্তির উত্তরাধিকারী হবেন'। তবে উত্তরাধিকার লাভের শর্তিটি হয় হিজরীতে বদর যুদ্ধের পর অবতীর্ণ আয়াতের মাধ্যমে রহিত হয়ে যায়। যেখানে বলা হয়, কাতাবে পরস্পরের অধিক হকদার। নিশ্চয়ই আল্লাহ সকল বিষয়ে অধিক জ্ঞাত' (আনফাল ৮/৭৫)। এর ফলে উত্তরাধিকার লাভের বিষয়টি রহিত হ'লেও তাদের মধ্যে ভ্রাতৃত্বের বন্ধন ছিল অটুট এবং অনন্য। বিশ্ব ইতিহাসে যার কোন তুলনা নেই। ভ্রাতৃত্ব বন্ধনের এই ঘটনা ১ম হিজরী সনেই ঘটেছিল মসজিদে নববী নির্মাণকালে অথবা নির্মাণ শেষে। তবে ঠিক কোন তারিখে ঘটেছিল, সেটা সঠিকভাবে জানা যায় না। ইবনু আদিল বার্র এটিকে হিজরতের ৫ মাস পরে বলেছেন। ইবনু সা'দ এটিকে হিজরতের পরে এবং বদর যুদ্ধের পূর্বে বলেছেন (সীরাহ ছহীহাহ ১/২৪৩)। কয়েকটি দৃষ্টান্ত নিমে প্রদত্ত হ'ল।-

ফুটনোট

[1]. যাদুল মা'আদ ৩/৫৬; বুখারী হা/৭৩৪০; সীরাহ ছহীহাহ ১/২৪৪।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5380

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন